

১৬১ ... ২ 6 APR 2003 ... ৯

টা.বি ভিসির বাসা থেকে বোমা উদ্ধার শিক্ষকের বাসায় সন্ত্রাসীদের গুলিবর্ষণ

নিজস্ব বাড়া পরিবেশক : তরুণ টা.বি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবন থেকে আবারও বোমা উদ্ধার করা হয়েছে। অন্য একটি ঘটনায় বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষক শফিকুর রহমানের বাসায় সন্ত্রাসীরা গুলি করেছে।

টা.বি বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষক শফিকুর রহমানের বাসায় সন্ত্রাসীরা গুলি করেছে বলে অভিযোগ পাওয়া গেছে।

শফিকুর রহমান টেলিফোনে স্বাবাদ কে জানান, তরুণ হাত নোয়া ৮টা বিশ্ববিদ্যালয়ের শহীদুল হকের হাউস ডিউটি কোয়ার্টারের ডায় বাসার জানালায় সন্ত্রাসীরা গুলি করেছে।

এ ব্যাপারে রমনা থানার ওসি মাহবুবুর রহমান টেলিফোনে জানান, পুলিশ ঘটনাস্থলে

গিয়ে ওই শিক্ষকের জানালায় কয়েকটি ছিদ্র দেখতে পেরেছে। ঘটনার তদন্ত চলছে। টা.বি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এস. এম. ফায়েজের বাসভবন চত্বরে আবারও বোমা পাওয়া গেছে। এ নিয়ে উপাচার্যের বাসভবন বোমা: ১ পৃঃ ২৩৪, ৭।

৯. ১ : আবারও (১ম পৃষ্ঠার পর)

এলাকা থেকে একমাসের মধ্যে দু'বার বোমা পাওয়া গেল। তরুণের দুপুরে রমনা থানা পুলিশ উপাচার্য ভবন চত্বরে থেকে ৬টি ভাঙ্গা বোমা উদ্ধার করে।

জাম্পাস সূত্রে জানা গেছে, এক অজ্ঞাত ব্যক্তি গতকাল তরুণের দুপুর ১২টার উপাচার্যকে ফোন করে জানান, তার বাসভবন এলাকায় বোমা রাখা আছে। ১৫ মিনিট পর আবারও ফোন করে বলা হয়, স্যার আমি একজন আপনার শুভাকাঙ্ক্ষী বলছি। আপনার বাসার পেছনে রোকেরা হল সংলগ্ন স্থানে বোমা রয়েছে। এরপর বিষয়টি পুলিশকে জানানো হলে রমনা থানা পুলিশ গিয়ে ওই স্থান থেকে কৌটায় মোড়া ৬টি ভাঙ্গা বোমা উদ্ধার করে। এ ব্যাপারে এফ. ডি. এ. এস. এম. আজীজুর রহমান বলেন, বিষয়টি আমতা নিজেই তদন্ত করে দেখব। এছাড়া বিশ্ববিদ্যালয়ের ৪শ' নিরাপত্তা বর্ধকীকরণ দিয়ে আধুনিকায়ন করা হবে যাতে নিরাপত্তা ব্যবস্থা আরও জোরপার হয়। এদের নতুন পোশাকও দেয়া হবে।

রমনা থানার ওসি মাহবুবুর রহমান বলেন, উদ্ধারকৃত বোমাগুলো আগামীকাল পরীক্ষার জন্য পাঠানো হবে। উপাচার্যের বাসভবনে বারবার এ ধরনের ঘটনা সম্পর্কে তিনি বলেন, উপাচার্যের বাসভবনে যখন নিরাপত্তা ব্যবস্থা রয়েছে। এই নিরাপত্তা ব্যবস্থা ভেদ করে বাইরের কারও পক্ষে কোন অর্ধটম করা সম্ভব নয়। ওই বাসায় যাদের যাওয়ার সুযোগ রয়েছে তারা এই কাজ করেছে বলে আমার মনে হয়। বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ মহলের এতে হাত রয়েছে। মূলত ভয় সৃষ্টি বা শাখা-হাসিলের জন্য এগুলো করা হয়েছে। আগেরবার হাঙ্গা এটি করেছে এবারও তারা এই ঘটনার সঙ্গে জড়িত।

উল্লেখ্য, গত মাসের ২৪ তারিখে উপাচার্য বাসভবন এলাকায় বোমার বিস্ফোরণ ঘটানো হয়।